গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪,আবদুল গনি রোড,ঢাকা।
www.rd.gov.bd

স্মারক নম্বর-১০.০৫.০০০০.০০৫.১১.০০৭.২৬-২০২ তারিখঃ-০৪/৮/২০২৬খ্রি.

**বিষয়ঃ-শুন্য পদ পূরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-১০ শাখা কর্তৃক জারিকৃত ০৭.০৫.২০২৬ খ্রি. তারিখের স্মারক নং ০৫.০০.০০০০.০০০.১৫৯.১৬.০০১৪.২৫-৭৮ অনুসারে সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগের গত ০৭/০৪/২০২৬ খ্রি. তারিখের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী যৌক্তিক কারণ ব্যতিত সৃজনকৃত কোন পদ এক নাগাড়ে ০২(দুই) বছরের বেশি সময়ের জন্য শুন্য থাকলে এবং প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক উক্ত পদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা না হলে তা বিলুপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

মাঠ পর্যায় থেকে প্রাপ্ত মাসিক প্রতিবেদন দৃষ্টে দেখা যায় যে, সমগ্র বাংলাদেশে জেলা রেজিস্ট্রারের কার্যালয়সহ সাব-রেজিস্ট্রারের কার্যালয়সমূহে অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, অফিস সহায়ক ও নৈশ প্রহরীর পদ শুন্য রয়েছে। দীর্ঘদিন যাবত উক্ত পদ সমূহ শুন্য থাকার ফলে নানা ধরনের প্রশাসনিক জটিলতা দেখা দিচ্ছে।

এমতাবস্থায়, তাঁর জেলাধীন জেলা রেজিস্ট্রারের কার্যালয়সহ সাব-রেজিস্ট্রারের কার্যালয়সমূহে বিদ্যমান শুন্যপদ সমূহ পূরণে জরুরীভিত্তিতে বিধিমোতাবেক নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। নিয়োগ প্রক্রিয়া সম্পন্নকরণে বিদ্যমান শুন্যপদসমূহ পূরণে ব্যর্থতার সৃষ্ট দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তার ওপর বর্তাবে।

বিষয়টি অতিব জরুরী ও গুরুত্বপূর্ণ।

( শামীমা আফরোজ)
মহা-পরিদর্শক,নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।
ফোন:০২-৪১০৫০১৮৯

জেলা রেজিস্ট্রার,...................................... (সকল)